সঠিক নেতৃত্ব প্রতিষ্ঠার মাধ্যমে জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আবার ক্ষমতায় আনতে হবে-জিয়াউদ্দীন বিশ্বাস

তৃণমূলের আওয়ামী লীগের নেতাকর্মী ও সমর্থকদের মতামতের ভিত্তিতে এবং দলের গঠনতন্ত্র অনুযায়ী ওয়ার্ড পর্যায়ে থেকে সঠিক নেতৃত্ব প্রতিষ্ঠার মাধ্যমে আবার দেশরত্ন জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আবার ক্ষমতায় আনতে হবে।

যারা জননেত্রী শেখ হাসিনার নৌকার বিপক্ষে জামাত-বিএনপির কে সাথে নিয়ে ভোট করেছে তাদেরকে আমরা আওয়ামী লীগের কোন কমিটিতে আসতে দেবো না।

রবিবার সন্ধ্যায় উপজেলার আনন্দ বাজার প্রাঙ্গনে, মুজিবনগরের বাগোয়ান ইউপির ৩ ওয়ার্ড ৭,৮,৯ নং ওয়ার্ড আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন ও কমিটি গঠন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জিয়াউদ্দিন বিশ্বাস।

তিনি আরো বলেন আমরা কোন পকেট কমিটি তৈরি করব না। ওয়ার্ড পর্যায়ে আওয়ামী লীগের কর্মী-সমর্থকদের সমর্থনের ভিত্তিতে জনসম্মুখে তারায় তাদের নেতা নির্বাচন করবে।

ত্রি-বার্ষিক সম্মেলন ও কমিটি গঠন অনুষ্ঠানে, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি আক্কাস আলীর সভাপতিত্ব এবং ইউনিয়ন আওয়ামী লীগের ক্রিড়া সম্পাদক জাহিদ হাসানের সঞ্চালনায়, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা জিয়াউদ্দিন বিশ্বাস,।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব গোলাম

রসুল, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মেহেরপুর শহর আওয়ামী লীগের সভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড: ইয়ারুল ইসলাম, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক শংকর বিশ্বাস।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজাউল হক নান্নু। এসময় উপস্থিত ছিলেন ইউপি সদস্য রিপন আলী , ওমর ফারুক, সানোয়ার হোসেন দানা, সাবেক ইউপি সদস্য মিস্টার দিলীপ মল্লিক, কাজী কোমর উদ্দিন সেলিমসহ বাগোয়ান ইউনিয়নের ৩ টি ওয়ার্ডের আওয়ামী লীগের অসংখ্য নেতাকর্মী ও সমর্থক বৃন্দ।

প্রথম অধিবেশন শেষে ওয়ার্ড আওয়ামী লীগের কর্মী সমর্থকদের মতামতের ভিত্তিতে বাগোয়ান ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের আবু বক্কর হালসোনাকে সভাপতি ও রাহাতুল্লাহকে সাধারণ সম্পাদক,৮ নং ওয়ার্ডের রেজাউল বিশ্বাসকে সভাপতি ও শাহাবুদ্দিনকে সাধারণ সম্পাদক, ৯ নং ওয়ার্ডের বাবু হাসা সভাপতি ও ফরহাদ হোসেনকে সাধারণ সম্পাদক করে সর্বসম্মতিক্রমে কমিটি ঘোষণা করা হয়।

মেহেরপুরে গাঁজাসহ আটক-১

মেহেরপুরে অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ মিলন হোসেন (৩০) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

রবিবার দুপুরে সদর উপজেলার বেলতলা পাড়ায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটককৃত মিলন হোসেন কুষ্টিয়া দৌলতপুর উপজেলা প্রাগপুর গ্রামের মীরপাড়ার ফজলু মালিথার ছেলে।

ডিবি সূত্রে জানা গেছে, সদর উপজেলার বেলতলা পাড়া এলাকায় পাখি ভ্যানযোগে মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে এসআই সুলতান মাহমুদের নেতৃত্বে এএসআই হেলাল উদ্দিন, আহসান হাবীবসহ সঙ্গীয় ফোর্স নিয়ে ওই এলাকায় অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ মিলন হোসেনকে আটক করা হয়।

মিলনের বিরুদ্ধে নিয়মিত মামলা রুজু প্রক্রিয়াধীন।

মুজিবনগরে এক্সকাভেটরে আগুন দিয়েছে দুর্বৃত্তরা

মুজিবনগরের মহাজনপুর বেনাগাড়ি খালে এক্সকাভেটরে আগুন দিয়ে পুড়িয়ে দিয়েছে দুর্বৃত্তরা।

গত শনিবার রাত ৯টার দিকে এ ঘটনা ঘটে। আগুনে পুড়ে এক্সকাভেটর পুরোপরি নষ্ট হয়ে যায়। প্রায় ২৫ লক্ষ টাকার ক্ষতি হয়েছে বলে দাবি করেছেন চালক সেলিম মোল্লা।
চালক সেলিম মোল্লা বলেন, পরশুদিন রাতে গাড়ি নামায়। সকাল ৭টার দিকে গাড়ি চালু করি। দুই ঘন্টা গাড়ি চালানোর পরে আমার গাড়িতে একটু সমস্যা হয়। ডাইনামা পুড়ে যায় পরে ডাইনামা খুলে নিয়ে আমি মেহেরপুর জামিল মটর্স এ সার্ভিসং করতে নিয়ে যায়।

সার্ভিস থেকে আসার পর ৯টার দিকে ফিদু ভাইকে ফোন দিলাম ভাই একটা ট্রাকক্টর নিয়ে যাত্রি ছাউনি কাছে থাকে আমরা আসছি। তার পর গাড়িটা তুলে নিয়ে আসবো। পরে ওনাকে কে ফোন দিয়ে বলে যে গাড়িতে আগুন দিয়েছে। তখন বলো তারাতারি আসেন কারা যেন গাড়িতে আগুন দিয়েছে। আমরা সেখানে গিয়ে দেখি আগুনে এক্সকাভেটর জ্বলছে। প্রায় ১ ঘন্টা পর আগুন নিয়ন্ত্রনে আসে।

এ ব্যাপারে মুজিবনগর থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে।

মহাজনপুর ইউনিয়নের ওয়ার্ড

কমিটি গঠন উপলক্ষে বর্ধিত সভা অনুষ্ঠিত

মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের ওয়ার্ড কমিটি গঠন উপলক্ষে বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকেলে ইউনিয়নের গোপালপুর গ্রামে এই বর্ধিত সভা অনুষ্ঠিত হয়। মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজাউর রহমান নান্নুর সভাপতিত্বে এবং মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবদুর রশিদ বল্টু এর সঞ্চালনায় বর্ধিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জিয়াউদ্দিন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেব উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা জাতীয় পার্টির সভাপতি আব্দুল হামিদ, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী । এ সময় ইউনিয়ন এর ওয়ার্ড কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক বৃন্দ উপস্থিত ছিলেন।

বর্ধিত সবার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৭ ই মার্চ হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধুর জন্মদিবসে তার আদর্শের দল বাংলাদেশ আওয়ামী লীগ মহাজনপুর ইউনিয়ন শাখার ত্রি-বার্ষিক ওয়ার্ড কমিটি গঠন করা হবে বলে জানান মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজাউর রহমান নান্নু।

মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের দ্বি-বার্ষিক নির্বাচন-২০২১

আগামীকাল ১৪ মার্চ ২০২২ তারিখে মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের দ্বি-বার্ষিক নির্বাচন-২০২১ অনুষ্ঠিত হবে। নির্বাচন

ফলাফলের বিরুদ্ধে আপিল বোর্ডের নিকট আপত্তি দাখিল এর তারিখ ১৫ মার্চ ২০২২ এবং নির্বাচন ফলাফলের বিরুদ্ধে গৃহীত আপত্তি আপিল বোর্ডের নিস্পত্তির তারিখ ১৬ মার্চ ২০২২।

গাংনীর এমপিকে আওয়ামী লীগ থেকে অপসারণের দাবিতে স্মারকলিপি প্রদান

রাজাকারের সন্তান উল্লেখ করে গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও মেহেরপুর -২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকনকে আওয়ামী লীগ থেকে অপসারণের দাবি করেছেন কতিপয় স্থানীয় নেতা।

আজ রবিবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের মাধ্যমে তারা প্রধানমন্ত্রীর কাছে দাবি সম্বলিত একটি স্মারকলিপি প্রদান করেন। বীর মুক্তিযোদ্ধা আব্দুল লতিফ ও গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি ইসমাইল হোসেন স্বাক্ষরিত একটি স্মারকলিপি দেওয়া হয়।

এসময় মেহেরপুর জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন, উপজেলা যুবলীগ সভাপতি মোশাররফ হোসেন, যুবলীগ নেতা মজিরুল ইসলাম উপস্থিত ছিলেন।

গাংনীর কৃষকদের দুয়ারে

ভ্রাম্যমাণ কৃষি হাসপাতাল

ফল মুল শাক সবজিসহ গাছ গাছালীর রয়েছে নানা ধরণের রোগ বালাই। আর এসব রোগ বালাই দূরীকরণে মেহেরপুরের গাংনীতে চালু করা হয়েছে ভ্রাম্যমাণ কৃষি হাসপাতাল।

এখান থেকে পরামর্শ নিয়ে উপকৃত হচ্ছেন কৃষাণ কৃষাণীরা। কৃষি বিভাগের দাবী, জেলায় এই প্রথম চালু করা হলো ভ্রাম্যমান কৃষি হাসপাতাল। এটি একটি ব্যতিক্রমি উদ্যোগ। কৃষি হাসপাতালের মাধ্যমে এখানকার কৃষি উৎপাদনে প্রতিবন্ধকতা দুর হওয়ার পাশাপাশি কৃষি উৎপাদন বৃদ্ধি পাবে।

গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের প্রায় প্রতিটি বাড়িতেই রয়েছে পারিবারিক পুষ্টি বাগান। গৃহবধুরা সংসারের কাজকর্ম শেষে স্থানীয় কৃষি পাঠাগার থেকে পরামর্শ নিয়ে গড়ে তুলেছেন পুষ্টি বাগান। বাড়ির আঙ্গীনায় গড়ে তোলা পুষ্টি বাগানে রোগ বালাই দেখা দেখা দেয়ায় ভ্রম্যমাণ কৃষি হাসপাতালের উপসহকারী কৃষি অফিসার বকুল হোসেনের কাছে পরামর্শ নিতে আসেন। বকুল হোসেন পরামর্শ ও পরবর্তী করণীয় বিষয়ে পরামর্শ দেন।

এমনকি বাড়ি বাড়ি গিয়েও পুষ্টি বাগান দেখে পরামর্শ দেন এই কৃষি কর্মকর্তা। এতে উপকৃত হচ্ছেন কৃষাণীরা। তারা ফল ও সবজির পোকা মাকড় দমনের জন্য বিষটোপ তৈরি, অন্যান্য ক্ষতিকর পোকা দমনের জন্য জৈব বালাইনাশক তৈরির কৌশল শিখে এবং রাসায়নিক সারের ব্যবহার বন্ধ করে জৈব সারে সবজি উৎপাদন করার পরামর্শ দিচ্ছেন। রোগ-বালাই হলে কোন সময় কোন ওষুধ দিতে হবে সেই পরামর্শ নিচ্ছেন তারা।

বাড়িতে সবজি বাগান করার পরামর্শের জন্য আসা গৃহবধু রুবিনা খাতুন বলেন,আগে কৃষি সম্পর্কে পরামর্শ নিতে হলে শহরে যেতে হতো। এখন কৃষকদের বাড়িতেই ছুটে আসছেন কৃষি কর্মকর্তারা। কলেজ ছাত্রী খুশি জানান, আমরা লেখাপড়ার পাশাপাশি পতিত জমিতে কীটনাশক মুক্ত সবজি চাষ করেছি। এখানে কৃষি অফিসের মাধ্যমে পরামর্শ নিয়ে এবছর অনেক ভাল সবজি হয়েছে। যা নিজের বাড়ির চাহিদা মিটিয়ে বিক্রি করা হলে মোটা অংকের টাকা আয় হবে। শুধু খুশিই নয়, ভ্রাম্যমাণ হাসপাতালের পরামর্শ নিয়ে উপকৃত হচ্ছেন অনেকেই এমন কথা জানান গৃহবধু রুমা,রুপালী ও আছিয়া খাতুন।

উপ-সহকারী কৃষি কর্মকর্তা বকুল হোসেন জানান,জৈব কৃষির বিস্তার

অতিদ্রুত গ্রামীণ জনগষ্ঠীর দারপ্রান্তে পৌছানোর লক্ষ্যে পরামর্শ প্রদান করছি। এখানে পাঠাগার থেকে পুষ্টি বাগান করা ও বালাই দূর করাসহ জৈবসার তৈরী ও ব্যবহার বিধি শেখানো হয়। ফলে গ্রাম অঞ্চলের মানুষ কম খরচে বিষমুক্ত নতুন নতুন জাতের ফল উৎপাদন করছেন। পরিবারের চাহিদা মিটিয়ে কালেকশন পয়েন্টের মাধ্যমে বাজার জাত করে কৃষক কৃষাণীরা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হচ্ছে। তিনি আরও বলেন- নতুন নতুন ফলের জাত আলু বোখারা, জাবাটিকাবা, শরিফা, এলাচ চাষ সম্প্রসারণ করা হচ্ছে এখানে।

গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা লাভলী খাতুন জানান,এখানকার মাটিতে সব ধরনের ফসল উৎপাদন হয়। কৃষি নিয়ে কৃষকদের সবসময়ই পরামর্শ দেয়া হয় সবসময়। কৃষিতে আরও সমৃদ্ধ করার জন্য ভ্রাম্যমাণ হাসপাতালের মাধ্যমে কৃষকদেরকে পরামর্শ দেয়া হচ্ছে। ভালো সাড়া পাওয়া গেছে। পর্যায়ক্রমে সব ব্লকেই ভ্রাম্যমান কৃষি হাসপাতালের মাধ্যমে পরামর্শ দেওয়া হবে।

মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের নির্বাচন ১৪ মার্চ

মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের দ্বি-বার্ষিক নির্বাচন আগামি ১৪ মার্চ সোমবার অনুষ্ঠিত হবে।

গতকাল শুক্রবার মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের ত্রি-বার্ষিক নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনার আবদুল্লাহ আল আমিন ধুমকেতু স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানা গেছে।

প্রজ্ঞপনে বলা হয়েছে, গত ২৪ ফ্রেব্রুয়ারি মেহেরপুর জেলা জজ আদালতের আদেশের প্রেক্ষিতে ২৮ ফেব্রুয়ারির নির্বাচন স্থগিত করা হয়। পরবর্তিতে ৮ মার্চ বাংলাদেশ সু্প্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশন নিম্ম আদালতের স্থগিতাদেশ তিন মাসের জন্য স্থগিত ঘোষণা করেন।

প্রজ্ঞাপনে আরো বলা হয়েছে, নির্বাচন সংক্রান্ত সকল প্রস্তুতি

সম্পন্ন থাকায় এবং উচ্চ আদালত স্থগিতাদেশ তিন মাসের জন্য স্থগিত ঘোষণা করায় আগামী ১৪ মার্চ সোমবার সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিরতীহীনভাবে মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের শুধুমাত্র সভাপতি পদে দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হবে।

প্রসঙ্গত, গত ২৮ ফেব্রুয়ারি মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের নির্বাচনের দিন ধার্য ছিল। সাধারণ সম্পাদকসহ অন্যান্য সকল পদে প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচিত হয়েছেন। শুধুমাত্র সভাপতি পদে দুই জন প্রার্থী থাকায় নির্বাচনের সকল প্রস্তুতি সম্পন্ন করেন নিবার্চন কমিশন। সভাপতি পদে বর্তমান সভাপতি গোলাম রসুল ও এসকেন আলী প্রতিদ্বন্দীতা করেন। নির্বাচনের আগে ২৪ ফেব্রুয়ারি মেহেরপুর জেলা জজ আদালতে নির্বাচন স্থগিত চেয়ে আবেদন করেন সভাপতি প্রার্থী এসকেন আলী। তাঁর আবেদনের প্রেক্ষিতে আদালত নির্বাচন স্থগিতের আদেশ দেন।

সভাপতি নূরুল আহমেদ সম্পাদক বিপ্লব

বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুর পৌর কমিটি গঠন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। উপস্থিত সদস্যদের সর্বসম্মতিক্রমে সাহিত্যিক, প্রাবন্ধীক ও সংগঠক নূরুল আহমেদ সভাপতি ও প্রভাষক মোস্তাফিজুর রহমান বিপ্লবকে সাধারণ সম্পাদক পদে মনোনীত করা হয়।

শুক্রবার বিকাল ৪টার সময় জেলা শিল্পকলা একাডেমী, মেহেরপুর এর অডিটোরিয়াম কক্ষে প্রফেসর হাসানুজ্জামান মালেকের সভাপতিত্বে সাহিত্যিক, প্রাবন্ধীক ও সংগঠক নূরুল আহমেদ সভাপতি ও প্রভাষক মোস্তাফিজুর রহমান বিপ্লবকে সাধারণ সম্পাদক করে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুর পৌর কমিটি গঠণ করা হয়।

বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুর পৌর কমিটি গঠন ও আলোচনাসভায় উপস্থিত ছিলেন- প্রফেসর সাইদুর রহমান, আলামিন হোসেন, সৈয়দ এহসানুল কবীর, এম. এ হাসান সুমন, তারিকুল ইসলাম রাজিব, ফেরদৌস, শামীম হাসান, আব্দুস সামাদ, সাইদুল আলম, এম.এন.

কে সোহেল মল্লিক, মোস্তাফিজুর রহমান বিপ্লব, সামসুল আরিফিন, কে.এম বদরুল হাসান বাবু, মাহাবুব আলম, মামুনুর রহমান, মিনারুল ইসলাম, সোহাগ আহম্মেদ, মোঃ হিরা, সাবিদ খান, সৈয়দ হামীম আল কবীর, আসিফ সাজ্জাদ চন্দন, আহসান হাবিব, রকিবুজ্জামান, শেখ সোহরাওয়ার্দী, আক্তাজ্জামান, এম. সোহেল রানা, কাজী মতিনুল ইসলাম, মকলেছুর রহমান খোকন, কে এম নূরুল হাসান রঞ্জু, মকলেছুর রহমান, আব্দুস সাত্তার, রোকসানা কামাল প্রমূখ।

মেহেরপুর ভাবনা ও এম.জি.এস.এইচ ০৯ ব্যাচের প্রেস ব্রিফিং

সুবিধাবঞ্চিত বাচ্চাদের ৫ টাকায় ঈদের শপিং এর আয়োজনের আনুষ্ঠানিক ঘোষণা ও প্রস্তুতি নিয়ে প্রেস ব্রিফিং করেছে মেহেরপুর ভাবনা ও এম.জি.এস.এইচ ০৯ ব্যাচ।

শুক্রবার রাতে মেহেরপুর জেলা পরিষদ চত্বরে মেহেরপুর ভাবনা ও এম.জি.এস.এইচ ০৯ ব্যাচের আয়োজনে এ প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়।

এম.জি.এস.এইচ ০৯ ব্যাচের সভাপতি তানভীর আল মামুনের সভাপতিত্বে প্রেস ব্রিফিংয়ে বক্তব্য রাখেন,এম.জি.এস.এইচ ০৯ ব্যাচের সহ-সভাপতি সেলিম পারভেজ, যুগ্ম সম্পাদক নাজমুল হাসান, মাহামুদুল হাসান, সাংগঠনিক সম্পাদক মাহফুজুর রহমান নয়ন।

মেহেরপুর ভাবনার সাধারণ সম্পাদক শাকিল আহমেদের সঞ্চালনায় প্রেস ব্রিফিংয়ে আরো উপস্থিত ছিলেন, স্বাস্থ্য সম্পাদক রাহুল, এম.জি.এস.এইচ ০৯ ব্যাচের ক্রিয়া সম্পাদক আসিবুজ্জামান কমন, নির্বাহী সদস্য নাসিম রেজা, সদস্য ফিরোজ রহমান, পিয়াস, রাজু প্রমুখ।